

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.০৪.০০১.১৯-১৫৬


তারিখঃ ১০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ
২৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ গণমাধ্যমে সতর্কতামূলক বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ শাখার নাম ব্যবহার করে এবং শাখার দায়িত্বপ্রাপ্ত নিম্নস্বাক্ষরকারী কর্মকর্তার স্বাক্ষর জালিয়াতি করে প্রকাশিত একটি ভুয়া নিয়োগপত্র দৃষ্টিগোচর হয়েছে। উক্ত ভুয়া নিয়োগপত্রের মাধ্যমে ০৯ (নয়) জন ব্যক্তিকে কথিত 'স্বাস্থ্য সেবা অধিদপ্তরের অফিস সহকারী (২য় শ্রেণি)' পদে নিয়োগ প্রদানের কথা বলা হয়েছে এবং আগামী ২৯/০৩/২০২০ খ্রিঃ রবিবার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ও প্লাস্টিক সার্জারি ইউনিটে যোগদান করতে বলা হয়েছে।

০২। এমতাবস্থায়, উক্ত ভুয়া নিয়োগপত্রের ফলে যাতে জনসাধারণ বিভ্রান্ত না হন সে লক্ষ্যে একটি সতর্কতামূলক বিজ্ঞপ্তি প্রিন্ট ও ইলেকট্রনিক গণমাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে,


(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

জনসংযোগ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ✓ ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।